গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়,বগুড়া
(দুর্যোগ ব্যবস্থাপনা শাখা)
www.bogra.gov.bd

P.I.O

স্মারক নং- ৫১.০১.১০০০.০০০.১৪.০০৫.২০. ৩১১৫ তারিখঃ ২৪ অগ্রহায়ণ, ১৪২৭ বঙ্গাব্দ
০৯ ডিসেম্বর, ২০২০ খ্রিস্টাব্দ

বিষয় ঃ ২০২০-২০২১ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির আওতায় ১ম কিস্তির প্রকল্পের বিভাগীয় কমিশনার মহোদয়ের বরাদ্দ থেকে নগদ অর্থ উপ-বরাদ্দ প্রদান।

সূত্র ঃ বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী (উন্নয়ন শাখা) এর অফিস স্মারক নং-০৫.৪৩.০০০০.০০৮.৩৩.০০৮.২০.১১৭২, তারিখ-০২.১২.২০২০ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২০-২০২১ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো রক্ষণাবেক্ষণ (টিআর) কর্মসূচির আওতায় ১ম কিস্তির বিভাগীয় কমিশনার মহোদয় তাঁর বরাদ্দ থেকে (নগদ অর্থ) নিম্নলিখিত উপজেলার নামের পার্শ্বে উল্লেখিত প্রকল্পের বিপরীতে নগদ অর্থ বরাদ্দ প্রদান করেছেন। প্রকল্পসমূহ বাস্তবায়নের নিমিত্ত বরাদ্দকৃত নগদ অর্থ উপ-বরাদ্দ প্রদান করা হলোঃ

| জেলার নাম | ক্রমিক নং | উপজেলার নাম | প্রতিষ্ঠান/প্রকল্পের নাম ও বিবরণ | উপ-বরাদ্দকৃত নগদ অর্থের পরিমাণ |
|---|---|---|---|---|
| বগুড়া | ১ | শাজাহানপুর | উপজেলা পরিষদ জামে মসজিদ সংস্কার | ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা |
| | ২ | কাহালু | কাহালু উপজেলা অফিসার্স ক্লাব উন্নয়ন | ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা |
| | ৩ | গাবতলী | সোনামুয়া বীর মুক্তিযোদ্ধা কামরুজ্জামান নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ে ল্যাট্রিন নির্মাণ | ৭৫,০০০/- (পঁচাত্তর হাজার) টাকা |
| | ৪ | নন্দীগ্রাম | তেঘর বাজার হইতে রামকৃষ্টপুর অভিমুখে রাস্তায় তালগাছ রোপন | ৫০,০০০/- (পঞ্চাশ হাজার) টাকা |
| | ৫ | ধুনট | রাঙ্গামাটি গ্রামের মোজাম্মেল হক মেমোরিয়াল পাবলিক লাইব্রেরীর বারান্দায় গ্রীল ও সিলিং তৈরি | ১,০০,০০০/- (এক লক্ষ টাকা) টাকা |
| | ৬ | সোনাতলা | গড়ফতেপুর গ্রামের আহ্‌লে হাদীস কেন্দ্রীয় জামে মসজিদের সংস্কার ও উন্নয়ন | ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা |
| | | | মোট= | ৪,৭৫,০০০/- (চার লক্ষ পঁচাত্তর হাজার) টাকা |

শর্তাবলী ঃ

১। মঞ্জুরীকৃত অর্থ ২০২০-২০২১ অর্থ বছরের বাজেটে বরাদ্দকৃত অর্থ ১৪৯০১০১-১২০০০১৯০৪-৩৭২২১০১ খাত হতে নির্বাহ করতে হবে।

২। ২০২০-২০২১ অর্থ বছরে ১ম কিস্তি বরাদ্দের বিপরীতে বাস্তবায়ন আগামী ৩১.০১.২০২১ খ্রি. তারিখের মধ্যে সম্পন্ন করতে হবে।

৩। এ কর্মসূচির নগদ অর্থ ব্যয়ে প্রচলিত সকল আর্থিক বিধান ও টি.আর নির্দেশিকা-২০১৪ এ বর্ণিত অনুশাসনাবলী (সোলার অংশ ব্যতিরেকে) যথাযথভাবে অনুসরণ করতে হবে।

৪। এ কর্মসূচির প্রকল্প গ্রহণ/বাছাই টিআর কর্মসূচির নির্দেশিকার ৪ নং অনুচ্ছেদ যথাযথভাবে অনুসরণ করতে হবে।

৫। প্রি-ওয়ার্ক পরিমাপ বাধ্যতামূলক করতে হবে, প্রি-ওয়ার্কের ডকুমেন্টের ছবি তুলে রাখা, ভিডিও সফ্টকপি সিডি আকারে সংরক্ষণ করতে হবে, কর্মোত্তর জরিপের একটি তুলনামূলক বিবরণী প্রস্তুত করতে হবে; প্রতিটি প্রকল্পের বর্ণনাসহ যথাযথ সাইজের সাইনবোর্ড দৃশ্যমান স্থানে স্থাপন বাধ্যতামূলক করতে হবে।

৬। নির্ধারিত সময়সীমার মধ্যে কাজ সম্পন্ন না হলে প্রকল্প বাতিল করে দেয়া এবং দায়ী ব্যক্তিগণকে চিহ্নিত করে বরাদ্দকৃত খাদ্যশস্য ফেরত নেয়াসহ দেশের প্রচলিত প্রচলিত/আইন বিধি মোতাবেক ব্যবস্থা নেয়া হবে।

৭। প্রকল্প সুষ্ঠভাবে বাস্তবায়নে সরকারি কর্মকর্তাদের পাশাপাশি জনপ্রতিনিধিদের তদারকি/জবাবদিহিতার আওতায় এনে সর্বসাধারণের নিকট তা দৃশ্যমান করতে হবে।

৮। বরাদ্দ প্রাপ্তির ১৫ (পনের) দিনের মধ্যে P.I.C গঠনসহ আনুষাঙ্গিক কাজ সম্পন্ন করে কাজ শুরু নিশ্চিত করতে হবে। অব্যয়িত টাকা যথাসময়ে ফেরত প্রদান নিশ্চিত করতে হবে।

চলমান পাতা-০২

৯। নতুনভাবে তৈরিকৃত/সংস্কারকৃত গ্রামীণ রাস্তার দুই পার্শ্বে স্থানীয় কৃষি বিভাগের পরামর্শক্রমে তালগাছের চারা রোপনের কার্যক্রম অন্তভূক্ত করতে হবে।

১০। গৃহীত/প্রস্তাবিত প্রকল্প সরেজমিনে পরিদর্শন,পরিবীক্ষণ ও মূল্যায়নের মাধ্যমে বরাদ্দকৃত অর্থ/খাদ্যশস্য ছাড় করতে হবে এবং প্রকল্প বাস্তবায়ন করে বরাদ্দকৃত অর্থ/খাদ্যশস্য ছাড় করতে হবে এবং প্রকল্প বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।

১১। নিরীক্ষার জন্য হিসাব ও ভাউচার যথারীতি সংরক্ষণ করতে হবে।

১২। এ বরাদ্দের জন্য বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ন্যায় ধর্মীয় প্রতিষ্ঠানের ক্ষেত্রে উক্ত প্রকল্পে ইমাম/পরোহিতকে পিআইসির সভাপতি করতে হবে।

১৩। কোন প্রকল্প ভুয়া হিসেবে চিহ্নিত হলে আবেদনকারীকে দায়ী করে দেশে প্রচলিত আইন/বিধির আওতায় আনতে হবে।

১৪। প্রকল্প বাস্তবায়নের মাসিক অগ্রগতি নির্ধারিত ছকে দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরে ও এ কার্যালয়ে প্রেরণ করতে হবে এবং নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়িত প্রকল্পের মাস্টাররোল সমন্বয়ান্তে চূড়ান্ত প্রতিবেদন দাখিল করতে হবে।

/2020

(মোঃ জিয়াউল হক)
জেলা প্রশাসক
বগুড়া।
টেলিফোন ঃ ০৫১-৬৯১১০
ই-মেইল ঃ dcbogra@mopa.gov.bd
০৯/১২/2020

উপজেলা নির্বাহী অফিসার
শাজাহানপুর/কাহালু/গাবতলী/নন্দীগ্রাম/ধুনট/সোনাতলা, বগুড়া

অনুলিপি সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে ঃ

০১। মাননীয় জাতীয় সংসদ সদস্য, নির্বাচনী এলাকা.........................

০২। সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

০৩। মহাপরিচালক, দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা

০৪। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী

০৫। পরিচালক (কাবিখা), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা

০৬। জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, বগুড়া

০৭। প্রোগ্রামার, জেলা প্রশাসকের কার্যালয়(আইসিটি শাখা), বগুড়া। তাঁকে উপজেলার অনুকূলে জারীকৃত উপ-বরাদ্দপত্রটি জেলা প্রশাসকের ওয়েবসাইটে Upload করার জন্য অনুরোধ করা হলো।

০৮। উপজেলা হিসাবরক্ষণ অফিসার, শাজাহানপুর/কাহালু/গাবতলী/নন্দীগ্রাম/ধুনট/সোনাতলা, বগুড়া

০৯। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, শাজাহানপুর/কাহালু/গাবতলী/নন্দীগ্রাম/ধুনট/সোনাতলা, বগুড়া

১০। অফিস কপি